# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ১৮৯১

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - সদাক্বার মর্যাদা

بَابُ فَضْلِ الصَّدَقَةِ

---

### আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ رَضِيَ اللَّهُ عَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَصْبَحَ مِنْكُمُ الْيَوْمَ صَائِمًا؟» قَالَ أَبُو بكر: أَنا قَالَ: «فن تبعَ مِنْكُمُ الْيَوْمَ جِنَازَةً؟» قَالَ أَبُو بَكْرٍ: أَنَا. قَالَ: «فَمَنْ أَطْعَمَ مِنْكُمُ الْيَوْمَ مِسْكِينًا؟» قَالَ أَبُو بَكْرٍ: أَنَا. قَالَ: «فَمَنْ عَادَ مِنْكُمُ الْيَوْمَ مَرِيضًا؟» . قَالَ أَبُو بَكْرٍ: أَنَا. فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا اجْتَمَعْنَ فِي امْرِئٍ إِلَّا دَخلَ الْجَنَّةَ» . رَوَاهُ مُسلم

### বাংলা

১৮৯১-[4] আবূ হুরায়রাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন সাহাবীগণকে উদ্দেশ্য করে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তোমাদের কে আজ সওম রেখেছ? আবূ বকর (রাঃ) উত্তর দিলেন, আমি। তিনি বললেন, আজ কে জানাযার সাথে গিয়েছ? আবূ বকর (রাঃ) বললেন, আমি। তিনি বললেন, তোমাদের কে আজ মিসকীনকে খাবার দিয়েছ? আবূ বকর (রাঃ) জবাবে বললেন, আমি। তিনি বললেন, আজ তোমাদের কে অসুস্থকে দেখতে গিয়েছ? আবূ বকর (রাঃ) বললেন, আমি। এ কথা শুনে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ (শুনে রাখো) যে ব্যক্তির মধ্যে এতো গুণের সমাহার, সে জান্নাতে প্রবেশ করবেই। (মুসলিম)[1]

### ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১০২৮, সুনানুল কুবরা লিল বায়হাক্বী ৭৮৩০, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৮৮, সহীহ আত্ তারগীব ৯৫৩।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: (قَالَ أَبُو بكر: أَنا) আল্লামা ত্বীবী (রহঃ)-এর মতামতের সারসংক্ষেপ এই যে, রসূল সাল্লাল্লাহু আলাইহি

ওয়াসাল্লাম অপর এক হাদীসে যেটি জাবির (রাঃ)-এর সাথে সংশ্লিষ্ট সেখানে তিনি তাকে (أَنَا) তথা প্রশ্নের জবাবে ‘আমি’ ‘আমি’ বলে উত্তর দিতে নিষেধ করেছেন, তবে অত্র হাদীসে আবূ বাকর (রাঃ) প্রশ্নের উত্তরে আমি তথা (أَنَا) শব্দ ব্যবহার করেছেন তাহলে কি আবূ বাকর (রাঃ) ভুল করলেন? উত্তর হলো না তিনি ভুল করেননি। তিনি নিজের অহমিকা প্রদর্শনার্থে (أَنَا) বা আমি বলেননি যা ছিল নিষিদ্ধ বরং উপস্থিত লোকদের মাঝে যেন নির্দিষ্টভাবে নিজেকে উপস্থাপন করতে পারেন সেজন্যই কেবল (أَنَا) বা আমি শব্দ ব্যবহার করা হয়েছে।

(مَا اجْتَمَعْنَ) অর্থাৎ উপরোক্ত চারটি বৈশিষ্ট্য একই দিনে যার অর্জন হবে।

(فِي امْرِئٍ إِلَّا دَخَلَ الْجَنَّةَ) অর্থাৎ তিনি জান্নাতে প্রবেশ করবেন বিনা হিসাবে। নতুবা শুধু ঈমানই জান্নাতে প্রবেশের জন্য যথেষ্ট ছিল। অথবা অর্থটা এমন হবে যে, তিনি যে কোন দরজা দিয়ে জান্নাতে প্রবেশ করতে পারবেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=56451

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন